

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌ-পরিবহন মন্ত্রণালয়  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mos.gov.bd](http://www.mos.gov.bd)

নং-১৮.০০.০০০০.০১৬.১৬.০০৬.১৬-২৪৯৭

তারিখ: ১৯-১২-২০১৬ খ্রিঃ।


**বিষয়ঃ গুরুত্বপূর্ণ কার্যক্রমের অর্জন সমূহের উপর তথ্য প্রদান।**

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রাপ্ত পত্র নং- ০৪.০০.০০০০.৩২১.১৬.০০৬.১৬.১৬৭, তাং ১৩-১০-২০১৬ খ্রি.

নৌ-পরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার জুলাই-অক্টোবর/১৬ সময়ের গুরুত্বপূর্ণ কার্যক্রমের অর্জন সমূহের উপর সমন্বিত তথ্য পরবর্তী কার্যক্রমের জন্য নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

মন্ত্রিপরিষদ সচিব  
মন্ত্রিপরিষদ বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[দৃঃআঃ মুহাম্মদ আসাদুল হক, সিসস (রিপোর্ট শাখা)]



(এস এম শফিক)  
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)  
ফোনঃ ৯৫১৫৫৫১  
sas.admin1@mos.gov.bd

## নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থা সমূহের গুরুত্বপূর্ণ অর্জন সমূহঃ

### বিআইডব্লিউটিএ

- মংলা-ঘষিয়াখালী নৌ-পথে ১৭১.৫৬ লক্ষ ঘন মিটার খনন কার্য সম্পাদন করে নৌ-চলাচলের জন্য চ্যানেলটি চালু করা হয়েছে ;
- বাংলাদেশ-ভারত নৌ-ট্রান্সশিপমেন্ট চালু করে কলকাতা-আশুগঞ্জ-ত্রিপুরা নৌ-পথ ও সড়কপথে মালামাল পরিবাহিত হচ্ছে ;
- ঢাকা শহরের চারদিকে নৌ-পথের তীরভূমিতে ওয়াকওয়ে, নদীর তীর রক্ষা বাঁধ, বনায়ন ও ইকোপার্ক নির্মাণ করা হয়েছে ;
- নৌ-দূর্ঘটনা রোধকল্পে সারা দেশের নৌ-বন্দর সমূহের সার্বিক কার্যক্রম সমূহকে সার্বক্ষণিক তদারকির ব্যবস্থা নেয়া হয়েছে।
- নৌ-পথে যাত্রী/মালামাল পরিবহনে পর্যাপ্ত পন্টুন ও ফেরী পন্টুন স্থাপন, মেরামত ও সংরক্ষণ কাজ সম্পাদন করা হয়েছে ;
- ঢাকা নদী বন্দরের পুরাতন টার্মিনাল এর পরিধি বৃদ্ধি করে যাত্রীদের বন্দর সুবিধা বৃদ্ধি করা হয়েছে ;
- নদী দূষণ, দখল রোধকল্পে নিয়মিত উচ্ছেদ, মোবাইল কোর্ট পরিচালনা এবং এতদবিষয়ে জনসচেতনতা বৃদ্ধির জন্য প্রচার করা হয়েছে ;

### বিআইডব্লিউটিসি

- পাটুরিয়া, দৌলতদিয়া, মাওয়া, চারজানাজাত, বরিশাল ও ভোলা ফেরি ঘাটে রেকার স্থাপন করা হয়েছে।
- ওভার লোডেড ট্রাকের পারাপার নিয়ন্ত্রণের উদ্দেশ্যে ৬টি ওয়েব্রীজ স্কেল সংগ্রহপূর্বক বিভিন্ন ফেরিঘাটে স্থাপন করা হয়েছে।

### বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ

- ভোমরা ও বুড়িমারী স্থলবন্দরের মাধ্যমে আমদানি-রপ্তানীকৃত মালামাল অগ্নি দূর্ঘটনা হতে রক্ষার লক্ষ্যে ভোমরা ও বুড়িমারী স্থলবন্দরে প্রায় ১০.০০ কোটি টাকা ব্যয়ে আধুনিক ফায়ার হাইড্রেন্ট সিস্টেম স্থাপন করা হয়েছে। এতে আমদানি-রপ্তানীকৃত মালামালের নিরাপদ সংরক্ষণ নিশ্চিত হচ্ছে।
- ভারতীয় পেট্রোপোল আইসিপি'র সাথে বেনাপোল স্থলবন্দরের সংযোগ স্থাপনের লক্ষ্যে জমি অধিগ্রহণসহ বেনাপোল স্থলবন্দরে লিংক রোড নির্মাণ করা হয়েছে।
- ভোমরা ও বুড়িমারী স্থলবন্দরে যথাযথভাবে সরকারের রাজস্ব আদায়ের লক্ষ্যে দুটি ডিজিটাল ওয়েব্রীজ স্কেল নির্মাণ করা হয়েছে।
- 'তামাবিল স্থলবন্দর উন্নয়ন' শীর্ষক প্রকল্পের আওতায় ৯.০০ একর জমি অধিগ্রহণসহ ২০.০০ কোটি টাকা ব্যয়ে বিভিন্ন অবকাঠামো নির্মাণ করা হয়েছে।
- হবিগঞ্জ জেলার বাল্লা শুল্ক স্টেশনকে স্থলবন্দর ঘোষণা করা হয়েছে। এ স্থলবন্দর উন্নয়নের লক্ষ্যে কার্যক্রম গৃহীত হয়েছে।

### চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

- কর্ণফুলি চ্যানেলের ড্রাফট ৯.২ মিটার থেকে ৯.৫ মিটারে এবং বনদরে চলাচলকারী জাহাজের বার্থ Length over all (LOA) ১৮৬ মিটার হতে ১৯০ মিটারে উন্নীত করা হয়েছে।
- মালামাল হ্যান্ডলিং এর জন্য আধুনিক কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং ইকুইপমেন্ট সংগ্রহ করা হয়েছে।

- এই অর্থ বৎসরে চট্টগ্রাম বন্দর ট্রেনিং ইন্সটিটিউটে বিভিন্ন কন্টেইনার হ্যান্ডলিং ইকুইপমেন্ট পরিচালনায় প্রশিক্ষিত ও দক্ষ জনবল গড়ে তোলার লক্ষ্যে সিমুলেটর স্থাপন করা হয়েছে।
- এই সময়ে প্রথমবারের মতো চট্টগ্রাম বন্দরে পূর্ণাঙ্গভাবে ISPS code (International Ship and Port Facility Security) বাস্তবায়ন করা হয়েছে।
- চট্টগ্রাম বন্দরের জন্য ৩০ বছর মেয়াদী একটি Strategic Master Plan প্রণয়ন করা হয়েছে।

### মোংলা বন্দর কর্তৃপক্ষঃ

- সমুদ্রগামী জাহাজে দ্রুততার সাথে পাইলট পরিবহনের জন্য ১টি হাইস্পিড বোট সংগ্রহ করা হয়েছে।

### নৌপরিবহন অধিদপ্তরঃ

- বাংলাদেশী নাবিকদের যোগ্যতা সনদের অন-লাইন যাচাই ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে।
- নাবিকদের সিডিসি'র ডাটা বেইজ তৈরী করতঃ অন-লাইন যাচাই ব্যবস্থা চালু করা হয়েছে।
- নাবিকদের অনুকূলে জারীকৃত Certificate of Proficiency (CoP) এর ডাটা বেজ তৈরী করা হয়েছে।
- দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ভিডিও কনফারেন্সিং সিস্টেম প্রবর্তন করা হয়েছে।

### পায়রা সমুদ্র বন্দর

- বৃটিশ পরামর্শক প্রতিষ্ঠান HR Wallingford, UK কর্তৃক পায়রা বন্দরের Feasibility Study সম্পন্ন করা হয়েছে।
- জমি অধিগ্রহণের কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করার লক্ষ্যে “পায়রা বন্দর প্রকল্প ভূমি অধিগ্রহণ আইন-২০১৫” প্রণয়ন করা হয়েছে।
- ২৬২ জনবল সম্বলিত সাংগঠনিক কাঠামো ও অফিস সরঞ্জামাদি চূড়ান্তকরণ করা হয়েছে।
- পায়রা বন্দর এলাকায় প্রায় ১২,০০০ বর্গফুটের একটি অফিস ভবন নির্মাণ করা হয়েছে।
- জাহাজে সুপেয় পানি সরবরাহের জন্য প্রতি ঘন্টায় ২৫০ টন পানি সরবরাহের ক্ষমতাসম্পন্ন Water Treatment Plant নির্মাণ ও স্থাপন করা হয়েছে।
- পায়রা বন্দর কে শুল্ক স্টেশন ঘোষণা এবং বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স প্রদানসহ সমুদ্র বন্দর থেকে শুল্ক আদায়ের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন হয়েছে।
- বহিঃনোজ্ঞারে আগত পণ্যবাহী বিদেশী জাহাজ হতে মালামাল খালাসের মাধ্যমে অপারেশনাল কার্যক্রম আনুষ্ঠানিকভাবে শুরু করা হয়েছে।

### মেরিন একাডেমিঃ

- ফিমেল ক্যাডেটদের আবাসন ও মেরিনার্স ডরমিটরী নির্মাণ: "ফিমেল ক্যাডেট ব্লক, মেরিনার্স ডরমিটরী ও অন্যান্য নির্মাণ ও সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে।
- ভিডিও কনফারেন্সিং: নৌ-পরিবহন মন্ত্রণালয়ের উদ্যোগে একাডেমীর কনফারেন্স রুমে কনফারেন্সিং সুবিধা স্থাপিত হয়েছে।
- নতুন ব্যাচ ভর্তি: ক্যাডেটদের নির্বাচনী ও ভর্তি কার্যক্রম সম্পন্ন হয়েছে।

### ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটঃ

- ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রামে ৩০০ আসন বিশিষ্ট প্রশিক্ষার্থীদের হোস্টেল ভবন নির্মাণ শেষ হয়েছে।
- অনলাইন পদ্ধতিতে (ওয়ান স্টপ সার্ভিস) ভর্তি কার্যক্রম চালু করা হয়েছে।
- কর্মকর্তা/কর্মচারীদের ফিজার প্রিন্টের (ডিজিটাল পদ্ধতিতে) মাধ্যমে অফিসে আগমন/প্রস্থান চালু করা হয়েছে।

## জাতীয় নদী রক্ষা কমিশন

- বিভাগীয় নদী রক্ষা কমিটি, জেলা নদী রক্ষা কমিটি এবং উপজেলা নদী রক্ষা কমিটি গঠন করা হয়েছে।
- খুলনা শহরের মধ্য দিয়ে প্রবাহিত ময়ূর নদে নিয়ম বহির্ভূত স্থাপনা নির্মাণ বন্ধের উদ্যোগে ১৮-৫০ কি.মি. দীর্ঘ নদীর উপর লিনিয়ার পার্ক স্থাপন করা হয়েছে।
- নদী রক্ষা, সংরক্ষণ ও অবৈধ দখল উদ্ধারে ব্যবস্থা নেয়া হয়েছে।

*Signature*